গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রশাসন শাখা-০১
web: www.rdcd.gov.bd

১২ মাঘ, ১৪২৪ বঙ্গাব্দ

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩১.১৬.১৭০.১৭/১৯৮-(২১)

তারিখঃ-----------------------------
২৫ জানুয়ারি, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা-এর শূন্য পদসমূহ দ্রুত পূরণ প্রসঙ্গে।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের ডি.ও পত্র নং-৮৬৭, তারিখঃ ১৪/১২/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে একটি আধুনিক উন্নত বাংলাদেশ গড়তে দ্রুততার সাথে শূন্য পদে নিয়োগের মাধ্যমে শিক্ষিত যুবসমাজের কর্মসংস্থান ত্বরান্বিতকরণ ও সরকারি দপ্তরের কাজে আরও গতিশীলতা আনয়নের জন্য এ বিভাগের এবং একই সাথে এ বিভাগের নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা এর শূন্য পদসমূহ দ্রুত পূরণ এবং দ্রুত নিয়োগের ব্যবস্থা নেয়ার জন্য ডি.ও পত্রের ছায়ালিপি নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০১ (এক) ফর্দ।

(মোঃ মিজবাহ উদ্দিন মোল্লা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ +৮৮-০২-৯৫৭০৬৪৬
(e-mail: a_sec_1@ymail.com)

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

০১। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
০২। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
০৩। মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লি: (মিল্ক ইউনিয়ন), ঢাকা।
০৫। প্রকল্প পরিচালক, একটি বাড়ী একটি খামার প্রকল্প, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩, পশ্চিম অংশ) ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
০৬। মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী (বাপার্ড), কোটালীপাড়া, গোপালগঞ্জ।
০৭। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ, ৯/ডি, মতিঝিল, ঢাকা-১০০০।
০৮। মহাপরিচালক (ভারপ্রাপ্ত), পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ) বগুড়া।
০৯। ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, কারওয়ান বাজার, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন, বাড়ি নং-০৫, এভিনিউ-০৩, রূপনগর, মিরপুর, ঢাকা।
১১। সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)।
১২। নির্বাহী সচিব, জাতীয় পল্লী উন্নয়ন সমবায় ফেডারেশন, ফেডারেশন ভবন, মতিঝিল, ঢাকা।
১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় **(মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)**।
০৩। সচিবের একান্ত সচিব (উপ-সচিব), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)**।
০৪। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ **(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)**।
০৫। অতিরিক্ত সচিব (প্রঃ ও বাঃ)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(প্রতিষ্ঠান) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, এ বিভাগ।
০৬। উপ-সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। অফিস কপি।

ড. মোঃ মোজাম্মেল হক খান
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ডি ও পত্র নং-০৫.০০.০০০০.১১১.০৯.০১৪.১৭- ৮৬৭

তারিখ : ৩০ অগ্রহায়ণ ১৪২৪
১৪ ডিসেম্বর ২০১৭

সুপ্রিয় সহকর্মী,

রূপকল্প ২০২১ ও ২০৪১ বাস্তবায়নে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ বিনির্মাণে কর্মসংস্থান সৃষ্টির বিকল্প নেই। বেকারত্বের অভিশাপ থেকে যুবসমাজের মুক্তি ও দারিদ্র্য নিরসনের মাধ্যমে অর্থনৈতিক উন্নয়নে বর্তমান সরকার নানামুখী যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে। সরকারি পর্যায়ে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান, ঋণ বিতরণ ও কর্মসৃজন প্রকল্প বাস্তবায়নের ফলে দেশে বেকার সমস্যা অনেকাংশে লাঘব হয়েছে। কিন্তু সরকারি দপ্তরসমূহে শূন্য পদে নিয়োগ কার্যক্রমের গতি ততোটা আশাব্যঞ্জক নয়। সর্বশেষ পরিসংখ্যান অনুযায়ী সকল মন্ত্রণালয়/বিভাগ এর অধীন ১ম শ্রেণির (৯ম গ্রেড) শূন্য পদের সংখ্যা ৪৮,২৪৬ (আট চল্লিশ হাজার দুইশত ছেচল্লিশ), ২য় শ্রেণির (১০ম-১২তম গ্রেড) শূন্য পদের সংখ্যা ৫৪,২৯৪ (চুয়ান্ন হাজার দুইশত চুরানব্বই), ৩য় শ্রেণির (১৩-১৭তম গ্রেড) শূন্য পদের সংখ্যা ১,৮২,৭৩৭ (এক লক্ষ বিরাশি হাজার সাতশত সাঁইত্রিশ) এবং ৪র্থ শ্রেণির (১৮-২০তম গ্রেড) শূন্য পদের সংখ্যা ৭৩,৯৮৪ (তিয়াত্তর হাজার নয়শত চুরাশি) অর্থাৎ মোট শূন্য পদের সংখ্যা ৩,৫৯,২৬১ (তিন লক্ষ উনষাট হাজার দুইশত একষট্টি)। উল্লেখ্য, সকল মন্ত্রণালয়/বিভাগের আওতায় বিগত সাড়ে আট বছরে ৬,০৭,২৩১ (ছয় লক্ষ সাত হাজার দুইশত একত্রিশ) টি নতুন পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে সম্মতি প্রদান করা হয়েছে।

মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন দপ্তর/সংস্থাসমূহের চাহিদার পরিপ্রেক্ষিতে সরকারী কর্ম কমিশনের মাধ্যমে ৯ম ও ১০-১২ গ্রেডের (১ম ও ২য় শ্রেণি) শূন্য পদে জনবল নিয়োগ করা হয়ে থাকে। ১৩-২০ গ্রেডের (৩য় ও ৪র্থ শ্রেণি) পদে স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার নিয়োগ বিধি অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/ সংস্থা জনবল নিয়োগ করে থাকে। বিপুল সংখ্যক শূন্য পদের বিপরীতে মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নিয়োগের কার্যক্রম আরও গতিশীল করা একান্ত প্রয়োজন। সদাশয় সরকার নিয়োগ কার্যক্রম ত্বরান্বিত করার মাধ্যমে দ্রুত শূন্য পদ পূরণের উপর বিশেষ গুরুত্বারোপ করেছেন।

এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প ২০৪১ বাস্তবায়নের মাধ্যমে একটি আধুনিক উন্নত বাংলাদেশ গড়তে দ্রুততার সাথে শূন্য পদে নিয়োগের মাধ্যমে শিক্ষিত যুবসমাজের কর্মসংস্থান ত্বরান্বিতকরণ ও সরকারি দপ্তরের কাজে আরও গতিশীলতা আনয়নের জন্য আপনার সক্রিয় উদ্যোগ কামনা করছি। একই সাথে আপনার নিয়ন্ত্রণাধীন অধিদপ্তর/দপ্তর/ সংস্থা এর শূন্য পদসমূহ দ্রুত পূরণের জন্য আপনার ব্যক্তিগত তদারকি কামনা করছি।

নিরন্তর শুভ কামনায়

(ড. মোঃ মোজাম্মেল হক খান)

বেগম মাফরুহা সুলতানা
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ